# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ১৭৯০

১৮/ শাসন

পরিচ্ছেদঃ পদ চাওয়া নিষেধ এবং রাষ্ট্রীয় পদ পরিহার করাই উত্তম; যদি সেই একমাত্র তার যোগ্য অথবা তার নিযুক্ত হওয়া জরুরী না হয়

### আরবী

وَعَنهُ قَالَ : قُلْتُ : يَا رَسُولَ اللهِ ألا تَسْتَعْمِلُنِي ؟ فَضَرَبَ بِيَدِهِ عَلَى مَنْكِبِي ثُمَّ قَالَيَا أَبَا ذَرٍّ إنَّكَ ضَعِيفٌ وَإِنّها أَمَانَةٌ وَإنَّهَا يَوْمَ الْقِيامَةِ خِزْيٌ وَنَدَامَةٌ إلاَّ مَنْ أخَذَهَا بِحَقِّهَا وَأدَّى الَّذي عَلَيْهِ فِيهَا رواه مسلم

### বাংলা

(১৭৯০) উক্ত রাবী থেকেই বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, ’হে আল্লাহ রসূল! আপনি আমাকে (কোন স্থানের সরকারী) কর্মচারী কেন নিযুক্ত করছেন না?’ তিনি নিজ হাত আমার কাঁধের উপর মেরে বললেন, হে আবূ যার্র! তুমি দুর্বল এবং (এ পদ) আমানত ও এটা কিয়ামতের দিন অপমান ও অনুতাপের কারণ হবে। কিন্তু যে ব্যক্তি তা হকের সাথে (যোগ্যতার ভিত্তিতে) গ্রহণ করল এবং নিজ দায়িত্ব (যথাযথভাবে) পালন করল (তার জন্য এ পদ লজ্জা ও অনুতাপের কারণ নয়)।

### ফুটনোট

(মুসলিম ৪৮২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65538

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন